

সমকাল

ছাত্রলীগের ডাকে ক্যাম্পাসে যাননি ফুলপরী, নিরাপত্তা নিয়ে শঙ্কা

প্রকাশ: ২৬ ফেব্রুয়ারি ২০ | ১৩:২৮ | আপডেট: ২৬ ফেব্রুয়ারি ২০ | ১৪:১৩

ইবি প্রতিনিধি



ভুক্তভোগী ফুলপরী খাতুন। ছবি-সংগৃহীত

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ছাত্রলীগ নেত্রীর দ্বারা ছাত্রীকে নির্যাতনের ঘটনায় বক্তব্য দিতে ভুক্তভোগী ফুলপরী খাতুনকে রোববার ক্যাম্পাসে ডেকেছিল সংগঠনটির গঠিত তদন্ত কমিটি। কিন্তু নিরাপত্তা নিয়ে শঙ্কা প্রকাশ করে তিনি ক্যাম্পাসে যাননি।

ফুলপরী সমকালকে জানান, তিনি বাড়ি থেকে ক্যাম্পাস পর্যন্ত যাওয়া-আসার নিরাপত্তা চেয়েছিলেন। কিন্তু প্রক্টর তাকে কুষ্টিয়া ও ক্যাম্পাসে নিরাপত্তা দেবেন বলে জানান। কিন্তু বাকি পথে নিরাপত্তা নিয়ে শঙ্কা রয়েছে বলে উল্লেখ করেন ফুলপরী।

তবে, ক্যাম্পাসে না গেলেও ছাত্রলীগের তদন্ত কমিটি ফোনে ফুলপরীর বক্তব্য নেবে বলে জানা গেছে।

ফুলপরী বলেন, ‘নিরাপত্তা নেই, তাই আমি যাইনি। আমি প্রক্টর স্যারের সঙ্গে কথা বলেছি। আমাকে বাসা থেকে নিয়ে যাওয়া ও রেখে যাওয়ার কথা জানিয়েছিলাম। স্যার বলেছিলেন, আমি তোমাকে কুষ্টিয়া শহর ও ক্যাম্পাসে নিরাপত্তা দেব। যদি আসো আমাকে জানায়ো।’

ছাত্রলীগের তদন্ত কমিটির পক্ষ থেকে আজ আর কেউ যোগাযোগ করেনি বলেও জানান ফুলপরী।

শাখা ছাত্রলীগের সহ-সভাপতি ও তদন্ত কমিটির আহ্বায়ক মুন্সী কামরুল হাসান অনিক সমকালকে বলেন, ‘যেহেতু সে আসবে না, তাই আমরা ফোনে তার সঙ্গে কথা বলে তদন্ত কার্যক্রম পরিচালনা করব। আজকে আমাদের তদন্ত কার্যক্রমের শেষ দিন। আজই প্রতিবেদন জমা দিতে হবে।’

ইবি শাখা ছাত্রলীগের সহ-সভাপতি সানজিদা চৌধুরী অন্তরা ও তার সহযোগীদের বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ এনে গত ১৪ ফেব্রুয়ারি ক্যাম্পাসে প্রশাসনের কাছে লিখিত অভিযোগ দেন ভুক্তভোগী ফুলপরী। ঘটনাটি দেশব্যাপী সমালোচনার জন্ম দিলে গত ১৫ ফেব্রুয়ারি চার সদস্যের তদন্ত কমিটি গঠন করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। কমিটিকে পাঁচ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়।

এছাড়া ওই ঘটনায়, বিশ্ববিদ্যালয়, হল প্রশাসন ও উচ্চ আদালতের নির্দেশে পৃথক তিনটি তদন্ত কমিটি গঠিত হয়েছে।

এসব কমিটির ডাকে গত ১৮, ২০ ও ২২ ফেব্রুয়ারি ক্যাম্পাসে এসে বক্তব্য উপস্থাপন করেন ভুক্তভোগী ফুলপরী। ওইসব দিনে ক্যাম্পাসের ভিতরে নিরাপত্তা দেয় প্রক্টরিয়াল টিম।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com